

## গল্প নয় সত্যি

এক সাংবাদিক ভদ্রলোক সম্ভবত নাম জনাব সেতু আমাকে এসে বললেন ভাই কৃষি সম্পর্কে আমার বিস্তারিত তথ্য লাগবে যার মূল বিষয় বস্তু হবে ২০০০-২০১৭ সালে কৃষিতে বাংলাদেশ কতটুকু এগিয়েছে। উনার সাথে বিস্তারিত আলাপ করার সুযোগও পেলাম না, কারণ জনবলের ভিতর আমি সমস্ত চুয়াডাঙ্গা জেলার ভিতর (জেলা অফিস ও উপজেলা সদর পরিসংখ্যান) একমাত্র একাই। সবাই NHD এর কাজে ঢাকা ও চট্টগ্রাম বিভাগে কর্মরত প্রায় ২ মাস, ব্যাপী। এদিকে জেলা প্রশাসকের কার্যালয়, চুয়াডাঙ্গা থেকে চিঠি এসেছে **webportal** এর তথ্য সংগ্রহ করছি। এমএসভিএস (২য় পর্যায়) ২০১৭ সালের এক বছরের ১৭ টি নমুনা এলাকার নমুনা এলাকার প্রতিবেদন ঢাকা সদর দপ্তরে পাঠাতে হবে। সমস্ত ব্যাপার তাঁকে খুলে বলার পর আমি বললাম ভাই ৪/৫ দিন সময় দিন। সে বললো আমাকে ভাই আমায় সাহায্য করুন জরুরী প্রতিবেদন ঢাকা পাঠাতে হবে তাই "২ ঘন্টা" র ভিতর হলে খুব ভালো হয়। আমি তৎক্ষণাৎ বললাম দেখি কি করা যায়? আপনার ই-মেইল আইডি টা রেখে যান। উনি চলে যাওয়ার পর আমি আমাদের কেন্দ্রীয় ওয়েব সাইট [www.bbs.gov.bd](http://www.bbs.gov.bd) থেকে সাংবাদিক ভদ্রলোককে **Agriculture Year Book-2015**, বা **2016** ডাউন লোড করে ই-মেইলে পাঠিয়ে দিলাম, হাঁ উনি আমায় ধন্যবাদ দিলেন এবং বললেন ৪/৫দিনের কাজ ৩০ মিনিটের ভিতর হয়ে গেল?

সিরাজুর রহমান  
পরিসংখ্যান তদন্তকারী  
01715-587050